অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/25/2023 **গভর্নর ক্যাথি হোকল**

ক্যাসলটন-অন-হাডসন ব্রিজে 47.6 মিলিয়ন ডলারের ব্রিজ ডেক প্রতিস্থাপন এবং পুনর্বাসন প্রকল্পের কাজ সম্পন্ন হওয়ায় গভর্নর হোকলের উদযাপন

ক্যাসলটন-অন-হাডসন সেতু হল রেনসেলিয়ার ও অ্যালবানি কাউন্টির মধ্যেকার প্রধান সংযোজক এবং এর উপর দিয়ে বছরে 6.2 মিলিয়ন গাড়ি চলাচল করে

প্রকল্পটি যথাসময়ে এবং বাজেটের মধ্যে সম্পন্ন হয়েছে

পূর্বমুখী ডেক প্রতিস্থাপন করার দ্বিতীয় প্রকল্পটি 2024 সালে শুরু হবে বলে প্রত্যাশা করা হচ্ছে যেখানে বাইপার্টিজান অবকাঠামো আইনের অংশ হিসেবে বরাদ্দকৃত 21 মিলিয়ন ডলারের ফেডারেল অনুদান কাজে লাগানো হবে

গভর্নর ক্যাথি হোকল আজ আলবানি ও রেনসেলার কাউন্টির মধ্যবর্তী হাডসন নদীর উপরস্থ আইকনিক এক মাইল দীর্ঘ ক্যাসলটন-অন-হাডসন ব্রিজের উপর 47.6 মিলিয়ন ডলারের একটি বৃহৎ অবকাঠামো উন্নয়ন প্রকল্প যথাসময়ে এবং বাজেটের মধ্যে সম্পন্ন হওয়ার কথা ঘোষণা করেছেন। তিন বছর মেয়াদী এই প্রকল্পে পশ্চিমমুখী ভ্রমণের পথের সম্পূর্ণ ডেক প্রতিস্থাপন, এবং পূর্বমুখী ভ্রমণের পথের ডেক মেরামত এবং ডেকের উপর অ্যাসফল্টের প্রলেপ প্রয়োগের পাশাপাশি ব্রিজের স্টিল মেরামত, সেন্টার মিডিয়ান প্রতিস্থাপন এবং নিরাপত্তা বৃদ্ধির অন্যান্য পদক্ষেপ অন্তর্ভুক্ত ছিল।

"স্টেটজুড়ে আমাদের পরিবহন অবকাঠামো পুনর্নির্মাণ ও শক্তিশালী করে তোলার জন্য নিউ ইয়র্ক ঐতিহাসিক বিনিয়োগসমূহ অব্যাহত রেখেছে," **বলেছেন গভর্নর হোকল।** "হাজার হাজার নিউ ইয়র্কবাসী এবং কোম্পানি প্রতিদিন ক্যাসলটন-অন-হাডসন ব্রিজের উপর নির্ভর করে থাকেন। এখন এই পুনর্বাসন প্রকল্প সম্পন্ন হয়ে যাওয়ার ফলে এই গুরুত্বপূর্ণ গেটওয়ে আগামী বছরগুলোতে এই অঞ্চলের কমিউনিটিগুলোকে আরো ভালোভাবে সেবা প্রদান করতে এবং সংযুক্ত করতে পারবে।"

ক্যাসলটন-অন-হাডসন ব্রিজ, যা আরো সাধারণভাবে ক্যাসলটন ব্রিজ নামে পরিচিত, 1958 সালে ট্রাফিক চলাচলের জন্য উন্মুক্ত হয়েছিল এবং আনুমানিক এক মাইল দৈর্ঘ্যের এই ব্রিজটি বার্কশায়ার স্পার সেকশনকে থ্রুওয়ের মেইন লাইনের সঙ্গে সংযুক্ত করেছে। প্রতি বছর আনুমানিক 6.2 মিলিয়ন যানবাহন অথবা দিনে প্রায় 17,000 যানবাহন হাডসন নদীর উপর দিয়ে

আলবানি ও রেনসেলার কাউন্টির মধ্যে সংযোগ স্থাপনকারী এই আইকনিক নীল ইস্পাতের ব্রিজটির উপর দিয়ে চলাচল করে থাকে।

2023 সালের এপ্রিল মাসের ঘোষণা অনুযায়ী, ক্যাসলটন-অন-হাডসন ব্রিজ পুনরুদ্ধারে অধিকতর সহায়তার জন্য থ্রুওয়ে অথরিটিকে (Thruway Authority) যুক্তরাষ্ট্রের পরিবহন বিভাগের (Department of Transportation) ফেডারেল হাইওয়ে প্রশাসনের ব্রিজ ইনভেস্টমেন্ট কর্মসূচির (Bridge Investment Program) অংশ হিসেবে 21 মিলিয়ন ডলারের ফেডারেল অনুদান প্রদান করা হয়েছে। এই অনুদান পূর্বমুখী ব্রিজ ডেক প্রতিস্থাপন করা এবং স্টিল মেরামত ও নিরাপত্তামূলক বৈশিষ্ট্যগুলোর রক্ষণাবেক্ষণের জন্য দ্বিতীয় একটি প্রকল্পের ব্যয়ের জন্য সম্পূরক অর্থায়ন প্রদান করবে। এই 21 মিলিয়ন ডলারের অনুদান পূর্বমুখী ব্রিজ ডেক প্রতিস্থাপনের ব্যয় মেটাতে সরাসরি ব্যবহার করা হবে, যেটির ব্যয় আনুমানিক 30 মিলিয়ন ডলার হবে বলে প্রত্যাশা করা হচ্ছে। 2024 সালের বসন্তকালে এটির কাজ শুরু হবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

এই দুইটি প্রকল্প সম্পন্ন হওয়ার মধ্য দিয়ে এই সুপারস্ট্রাকচারের সেবা দেওয়ার সময়কাল 50 বছর বৃদ্ধি পাবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

থ্রুওয়ে অথরিটির অন্তর্বর্তীকালীন এক্সিকিউটিভ ডিরেক্টর ফ্র্যাঙ্ক হোয়ার বলেন, "থ্রুওয়ে অথরিটি টোল বাবদ প্রাপ্ত ডলার রূপান্তরমূলক প্রকল্পগুলোতে বিনিয়োগ করছে যেসব প্রকল্প প্রায় 70 বছরের পুরোনো একটি পরিবহন ব্যবস্থাকে পুনর্নির্মাণ ও আধুনিকায়ন করছে। ক্যাসলটন-অন-হাডসন ব্রিজ পুনর্বাসনের মতো প্রকল্পগুলো প্রতি বছর কয়েক মিলিয়ন মানুষের জন্য ভ্রমণের অবস্থা উন্নত করে এবং সংযোগ ও আঞ্চলিক অর্থনীতিকে সমৃদ্ধ করে। যুক্তরাষ্ট্রের পরিবহন বিভাগ এবং ফেডারেল হাইওয়ে প্রশাসন কর্তৃক বাইপার্টিজান অবকাঠামো আইনের মাধ্যমে বরাদ্দকৃত 21 মিলিয়ন ডলারের অনুদান ব্যবহার করে পূর্বমুখী ব্রিজ ডেক লেনগুলো প্রতিস্থাপন করার মাধ্যমে আমরা আগামী বছর নির্মাণকাজের দ্বিতীয় ধাপ শুরু করতে পারবো বলে প্রত্যাশা রাখি এবং আমরা বাড়তি ফেডারেল তহবিলের জন্য আবেদন করা এবং তহবিল পাওয়ার জন্য প্রচেষ্টা অব্যাহত রেখেছি।"

সিনেটর চাক স্কুমার বলেন, "রাজধানী অঞ্চলের অধিবাসীদের জন্য আলবানি ও রেনসেলার কাউন্টির মধ্যে যাতায়াতের পথ আরো বেশি সুগম হয়ে উঠেছে। ক্যাসলটন-অন-হাডসন ব্রিজ রাজধানী ডিস্ট্রিক্টের একটি অতি গুরুত্বপূর্ণ সংযোগকারী, কিন্তু কয়েক বছর ধরে এটির ক্রমশ ক্ষয় হতে থাকা অবকাঠামো ভ্রমণকারীদেরকে ঝুঁকির সম্মুখীন করছে এবং অর্থনৈতিক উন্নয়নকে বাধাগ্রস্ত করছে। ক্যাসলটন-অন-হাডসন ব্রিজ পুনর্বাসনের কাজ সম্পন্ন করার জন্য অবশেষে বিদ্যমান ব্যবধান মেটাতে সাহায্য করতে বাইপার্টিজান অবকাঠামো ও কর্মসংস্থান আইনের মাধ্যমে কয়েক মিলিয়ন ডলারের ফেডারেল তহবিল পৌঁছে দিতে পেরে আমি গর্বিত। এসব অপরিহার্য মেরামত এই অতি গুরুত্বপূর্ণ সংযোগের আয়ু আরো 50 বছরেরও বেশি বৃদ্ধি করতে সাহায্য করবে, যা ভালো বেতনের কর্মসংস্থান সৃষ্টি করবে, স্থানীয় অর্থনীতিকে শক্তিশালী করবে, এবং রাজধানী অঞ্চলে নিত্যদিনের ভ্রমণকারীদের একটি অধিকতর নিরাপদ, আরো বেশি সুরক্ষিত যাতায়াতের উপায় প্রদান করবে।"

রিপ্রেজেন্টেটিভ পল টনকো বলেন, "ক্যাসলটন-অন-হাডসন ব্রিজ একটি অতি গুরুত্বপূর্ণ অবকাঠামো যা আমাদের কমিউনিটিগুলোকে সংযুক্ত করেছে, এবং এটির ভবিষ্যত সুরক্ষিত করার ক্ষেত্রে অগ্রগতি ঘটতে দেখে আমি রোমাঞ্চিত বোধ করছি। এপ্রিল মাসে, আমি এই প্রকল্প সম্ভব করে তোলা তহবিলের কথা ঘোষণা করার জন্য সেক্রেটারি বাটিগিয়েগকে গর্বের সঙ্গে রাজধানী অঞ্চলে স্বাগত জানিয়েছিলাম। এখন, বাইপার্টিজান অবকাঠামো আইনের মাধ্যমে আসা বিনিয়োগের কল্যাণে, এই ব্রিজ আগামী বছরগুলোতে নিরাপদ ও নির্ভরযোগ্য থাকবে এবং আমাদের রাজধানী অঞ্চলে এবং এর বাইরে পণ্য ও লোকজনের পরিবহনে সহায়তা করবে। এটি আমাদের অঞ্চলের জন্য, আমাদের কমিউনিটিগুলোর জন্য, এবং সেগুলোর অধিবাসীদের জন্য একটি বড় জয়, এবং অর্থনৈতিক কর্মকাণ্ডের একটি সমৃদ্ধশীল হাব হিসেবে আমাদের অঞ্চলের অবস্থান বজায় রাখবে এমন বিনিয়োগগুলো পৌঁছে দেওয়ার জন্য আমি আমাদের কাজ চালিয়ে যাওয়ার প্রত্যাশা রাখি।"

স্টেট সিনেটর নিল ব্রেসলিন বলেন, "ক্যাসলটন-অন-হাডসন ব্রিজ আলবানি ও রেনসেলার কাউন্টির মধ্যকার একটি অতি গুরুত্বপূর্ণ সংযোগ এবং ক্যাপিটাল ডিস্ট্রিক্টের পরিবহন ও অর্থনৈতিক উভয় চাহিদা পূরণে সাহায্য করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমাদের পরিবহন অবকাঠামোর সব চাহিদা পূরণ হওয়া নিশ্চিত করতে তাদের চলমান অঙ্গীকারাবদ্ধতার জন্য আমি NYS থ্রুওয়ে অথরিটির পাশাপাশি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই।"

স্টেট সিনেটর জ্যাকব অ্যাশবি বলেন, "কয়েক মিলিয়ন গাড়ি চালক এটা জেনে আনন্দিত হবেন যে এসব অতি গুরুত্বপূর্ণ মেরামতের কাজ সম্পন্ন হয়েছে। ক্যাসলটন ব্রিজ একটি অপরিহার্য অবকাঠামো। এটি আমাদের আঞ্চলিক অর্থনীতি এবং নিরাপদ ট্রানজিটের জন্য একটি গুরুত্বপূর্ণ বিনিয়োগ ছিল, এবং এটিকে সমর্থন করতে পেতে আমি রোমাঞ্চিত।"

অ্যাসেম্বলি সদস্য ক্রিস ট্যাগু বলেন, "তিন বছর পর 47.6 মিলিয়ন ডলারের ক্যাসলটন ব্রিজ উন্নয়নের কাজ অবশেষে সম্পন্ন হয়েছে। 1958 সাল থেকে এই ব্রিজটি রেনসেলার ও আলবানি কাউন্টির মধ্যকার একটি প্রধান সংযোগ হিসেবে ভূমিকা পালন করে প্রতি বছর আনুমানিক 6.2 মিলিয়ন যানবাহনকে সেবা দিয়ে আসছে। এসব হালনাগাদের কাজ দীর্ঘদিন ধরে প্রয়োজনীয় বলে অনুভূত হচ্ছিল। আমরা অত্যন্ত কৃতজ্ঞ যে আমরা আক্ষরিক অর্থে কমিউনিটিগুলোর মধ্যকার ব্যবধান ঘুচিয়ে দিতে পেরেছি এবং আমাদের অবকাঠামো উন্নত করেছি, যার ফলে অধিকতর নিরাপদ এবং আরো বেশি অ্যাক্সেসযোগ্য একটি নিউ ইয়র্ক তৈরি হয়েছে।"

অ্যাসেম্বলি সদস্য স্কট বেনডেট বলেন, "নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে অথরিটির ক্যাসলটন-অন-হাডসন ব্রিজের জন্য এই 47.6 মিলিয়ন ডলারের ব্রিজ ডেক প্রতিস্থাপন ও পুনর্বাসন প্রকল্পের কাজ সম্পন্ন করা রেনসেলার ও আলবানি উভয় কাউন্টির জন্য একটি বিশাল জয়। আমাদের আপস্টেট কমিউনিটিগুলোর অসংখ্য মানুষ প্রতিদিন এই ব্রিজের উপর নির্ভর করে থাকেন, এবং তিন বছর পরে এসব পুনর্বাসন প্রচেষ্টা সম্পন্ন হওয়ার ফলে এই ব্রিজটি আগামী বহু বছর ধরে টিকে থাকবে।"

আলবানি কাউন্টির এক্সিকিউটিভ ড্যানিয়েল পি. ম্যাককয় বলেন, "এই গুরুত্বপূর্ণ অবকাঠামোর সংস্কারকাজ সম্পন্ন হতে দেখে উচ্ছসিত বোধ করছি। কোয়েম্যান্স থেকে আসা এবং আলবানি কাউন্টি জুড়ে হাজার হাজার অধিবাসী প্রতিদিন হাডসন নদী অতিক্রমের জন্য

এটির উপর নির্ভর করে থাকেন, এবং তাদের এটা জানার অধিকার আছে যে তাদের ব্রিজগুলো নিরাপদ এবং মানসম্মত অবস্থায় রয়েছে। এটি একটি গুরুত্বপূর্ণ অর্জন, এবং আমি এই কাজ সম্পন্ন করার জন্য স্টেট থ্রুওয়ে অথরিটিকে ধন্যবাদ জানাতে চাই।"

নিউ ইয়র্কের রিচমন্ডভিলে অবস্থিত L&T কনস্ট্রাকশন (L&T Construction) এই প্রকল্পের প্রথম ধাপের কন্ট্রাক্টর ছিল। কর্তৃপক্ষের অনুমোদিত 2023 বাজেট এর মূলধন কর্মসূচির সমর্থনে মোট 413 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করে, 2027 সাল পর্যন্ত মূলধন কর্মসূচিতে 1.9 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করার কথা রয়েছে। 2022 সালে,মোটরচালকেরা থ্রুওয়ে সিস্টেমে 376 মিলিয়নের বেশিবার যাত্রা করেছে এবং 7.7 বিলিয়ন মাইলের বেশি অতিক্রম করেছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418